

স্কুল-কলেজে কম্পিউটার শিক্ষক আইসিটি শিক্ষার দুর্গতি ঘুচুক

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) নিয়োগকৃত চ'শ'র বেশি কম্পিউটার শিক্ষক এমপিওভুক্তির দাবিতে রাজপথে। নতুন প্রজন্মের মাঝে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) শিক্ষা ছড়িয়ে দিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানেও কম্পিউটার শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছিল। কিন্তু তারা এমপিওভুক্ত হতে পারছেন না। ফলে নেতন-ভাতা প্রাপ্তিতে সৃষ্টি হয়েছে অনিশ্চয়তা। শিক্ষা খাতে যে বরাদ্দ দেওয়া হয় তা প্রয়োজনের অর্ধেক নয় বলে স্বয়ং প্রধানমন্ত্রী গত সেপ্টেম্বরে শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনে গিয়ে অকপটে স্বীকার করেন। তাই তিনি এমপিওভুক্তির জন্য ফলদায়ক নীতি অনুসরণ করতে হবে বলে উল্লেখ করেছিলেন। কিন্তু এর প্রতিফলন পুরোপুরি ঘটছে না। সরকারের গৃহীত শিক্ষা কর্মসূচির মধ্যে কম্পিউটার শিক্ষাকে গুরুত্ব দেওয়া হয়েছে। কিন্তু সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কম্পিউটার-শিক্ষার যে বেহাল অবস্থা চলছে, তাতে এই মহতী উদ্যোগের সাফল্য নিয়ে সন্দেহ থেকেই যায়। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কোথাও কম্পিউটার শিক্ষক আছেন তো কম্পিউটার ল্যাব নেই, কোথাও ল্যাব আছে তো কম্পিউটার অকেজো। কোথাও কোথাও কম্পিউটার শিক্ষক পর্যন্ত নেই। এর সঙ্গে যুক্ত হয়েছে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষকের এমপিওভুক্ত না হওয়াজনিত জটিলতা। তাই সরকারকে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষার দৈন্যদশা দূর করে কীভাবে একে শিক্ষার্থীদের কাছে আকর্ষণীয় করা যায় সে ব্যাপারে চিন্তাভাবনা করে পদক্ষেপ নিতে হবে। কম্পিউটার শিক্ষকদের এমপিওভুক্তি অবিলম্বে সম্পন্ন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার কেনার ব্যবস্থা করলেই তো শিক্ষার্থীরা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে আপনাপাশা ব্যুৎপত্তি অর্জন করতে পারবে না। তার জন্য তাদের দক্ষ শিক্ষকের দরকার পড়বে। তাই সরকারের উচিত হবে এ দিকটির প্রতিও দৃষ্টি দেওয়া। কম্পিউটার বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি শিক্ষায় শিক্ষিত জনবল তৈরির প্রচেষ্টা হিসেবে ইতিমধ্যে সরকার ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বাধ্যতামূলক করেছে। একুশ শতকে তথ্যপ্রযুক্তি বিপ্লব মানব সভ্যতার গতিপ্রকৃতি যেভাবে বদলে দিচ্ছে সে চ্যালেঞ্জ মোকাবেলার জন্য আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে চালু করা কম্পিউটার শিক্ষার অবকাঠামো উন্নয়নের পাশাপাশি প্রয়োজনীয় দক্ষ কম্পিউটার শিক্ষক নিয়োগ ও তাদের এমপিওভুক্ত করতে হবে।